"শেখ হাসিনার উদ্যোগ-ঘরে ঘরে বিদ্যুৎ"

# চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-৩

সদর দপ্তর: শিবপুর, সীতাকুন্ড, চট্টগ্রাম
মোবাইল: ০১৭৬৯-৪০০৯৯৯
E-mail: ctgpbs3sitakunda@gmail.com, Website : www.ctgpbs3.org

স্মারক নং- ২৭.১২.১৫৮৬.৫১১.০৩.০২০.১৮. ২০৭৫

তারিখঃ ২৪ জুন ২০১৮ / ১০ আষাঢ় ১৪২৫

## "পুনঃ নিয়োগ বিজ্ঞপ্তি"

চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-৩ এর নিম্নবর্ণিত পদে লোকবল নিয়োগ/প্যানেল তৈরির লক্ষ্যে প্রকৃত যোগ্যতাসম্পন্ন বাংলাদেশী পুরুষ নাগরিকদের নিকট হতে পুনরায় দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। পদের পার্শ্বে প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য সুবিধাদি উল্লেখ করা হলোঃ

| ক্রঃ নং | পদের নাম | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | মাসিক মূল বেতন | বয়স |
|---|---|---|---|---|---|
| ০১ | ড্রাইভার | ০১টি | সাবলীলভাবে বাংলা, ইংরেজী শব্দ, সংখ্যা লিখতে ও পড়তে সক্ষম হতে হবে। প্রার্থীর বিআরটিএ কর্তৃক প্রদত্ত মেয়াদ সম্বলিত (হালকা) বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে এবং লাইসেন্স এর সত্যায়িত অনুলিপি আবেদনপত্রের সাথে জমা দিতে হবে। প্রার্থীকে যে কোন সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত/বৃহৎ শিল্প/বাণিজ্যিক প্রতিষ্ঠানে গাড়ী চালনাসহ রক্ষণাবেক্ষণ কাজে ন্যূনতম ০৫ (পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। ড্রাইভিং লাইসেন্স প্রাপ্তির পর উল্লিখিত প্রতিষ্ঠান সমূহের কর্মকালকে অভিজ্ঞতার কর্মকাল হিসেবে গণ্য করা হবে। বিগত ৩(তিন) বছরে বড় ধরণের কোন দুর্ঘটনা ঘটেনি মর্মে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক প্রত্যয়নপত্র আবেদনের সাহিত দাখিল করতে হবে। আবেদনকৃত প্রার্থীদের ড্রাইভিং টেষ্ট এবং লিখিত পরীক্ষা গ্রহণ করা হবে। লিখিত পরীক্ষা হবে ছোট ধরণের ইঞ্জিন রিপেয়ারিং, টিউন আপ, সাধারণ রক্ষণাবেক্ষণ জ্ঞান ইত্যাদি বিষয়ে। নির্বাচনী পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীকে নিয়োগপত্র প্রাপ্তির পর কাজে যোগদানের সময় অত্র পবিসের রিটেইনার চিকিৎসকের নিকট হতে সুস্বাস্থ্য এবং দৃষ্টিশক্তির ফিটনেস সার্টিফিকেট গ্রহণপূর্বক সমিতিতে জমা প্রদান করতে হবে। | ১৬,৬০০.০০-২৯,৯০০.০০ টাকা বেতন স্কেলে মূল বেতন এবং নিয়ম অনুযায়ী বাড়ী ভাড়া, চিকিৎসা ভাতা ও অন্যান্য ভাতাদি। | ১৫/০৭/২০১৮খ্রিঃ তারিখে প্রার্থীর বয়স সর্বনিম্ন ১৮ বছর এবং সর্বোচ্চ ৩০ বছর হতে হবে। তবে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র/প্রমানাদি আবেদন পত্রের সহিত সংযুক্ত সাপেক্ষে মুক্তিযোদ্ধার/শহীদ মুক্তিযোদ্ধার (পুত্র/নাতি) সন্তানের ক্ষেত্রে বয়সসীমা সর্বোচ্চ ৩২(বত্রিশ) বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। |

শর্তাবলী ঃ

১। আবেদন করতে ইচ্ছুক প্রার্থীগণকে বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের ওয়েবসাইট (www.breb.gov.bd) অথবা চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-৩ এর ওয়েবসাইট (www.ctgpbs3.org) হতে আবেদন ফরম (ফরম নম্বর পমাসপ ১১০-০০২,ভার্সন-০১) ডাউনলোড করতঃ যথাযথভাবে স্ব-হস্তে পূরণ পূর্বক সদ্য তোলা ২ (দুই) কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি, শিক্ষাগত যোগ্যতার সনদপত্র, অভিজ্ঞতা সনদপত্র, জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদপত্রের ফটোকপি, ইউনিয়ন পরিষদ/পৌরসভার মেয়র/কমিশনারের নিকট থেকে নাগরিকত্ব সনদপত্র, ড্রাইভিং লাইসেন্সের ফটোকপি প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা (নাম সম্বলিত সীল মোহর সহ) কর্তৃক সত্যায়িত করে আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। এছাড়াও চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-৩ এর অনুকূলে যে কোন তফসিলী ব্যাংক হতে ১০০.০০ (একশত) টাকার ব্যাংক ড্রাফট আবেদনের সাথে সংযুক্তপূর্বক খামের উপর পদের নাম উল্লেখ করে আগামী ১৫/০৭/২০১৮খ্রিঃ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে জেনারেল ম্যানেজার, চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-৩, শিবপুর, সীতাকুন্ড, চট্টগ্রাম এর বরাবরে সরাসরি/ডাকযোগে/কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আবেদনপত্র পৌছাতে হবে। আবেদন ফরম A4 সাইজের কাগজে হতে হবে। সাদা কাগজে বা টাইপকৃত কোন আবেদনপত্র এবং উল্লিখিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদন গ্রহণযোগ্য হবে না।

২। ইতিপূর্বে অত্র পবিসের স্মারক নং- ২৭.১২.১৫৮৬.৫১১.০৩.০২০.১৮.৩০৫, তারিখঃ ২৭/০১/২০১৮খ্রিঃ মোতাবেক প্রকাশিত 'ড্রাইভার' পদের নিয়োগ বিজ্ঞপ্তির বিপরীতে যে সকল প্রার্থী আবেদন করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।

৩। নির্বাচিত প্রার্থীকে প্রাথমিক অবস্থায় মূল বেতনসহ পবিস কর্তৃক প্রদেয় অন্যান্য ভাতাদি প্রদান পূর্বক ০১ (এক) বছরের জন্য অন-প্রবেশনে নিয়োগ করা হবে। অন-প্রবেশনকালে অর্পিত দায়িত্ব ও কর্তব্যসমূহ যথাযথভাবে সম্পাদন, বার্ষিক কর্মমূল্যায়ন ও পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট সন্তোষজনক বিবেচিত হলে (পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-১৭, ৩০০-২৪) শর্ত সাপেক্ষে সমিতির নিজস্ব বেতন কাঠামো অনুযায়ী একই পদে চাকুরীতে নিয়মিতকরণ করা যেতে পারে।

৪। অত্র সমিতিতে কর্মরত কোন কর্মকর্তা/কর্মচারী বা বোর্ড পরিচালক/মহিলা পরিচালকের স্বামী/স্ত্রী অথবা রক্ত সম্পর্কীয়দের আবেদন করার প্রয়োজন নাই।

৫। জেলা কোটার প্রাপ্যতা অনুযায়ী শুধুমাত্র ঢাকা, গাজীপুর, মানিকগঞ্জ, মুন্সিগঞ্জ, নারায়নগঞ্জ, ফরিদপুর, গোপালগঞ্জ, মাদারীপুর, শরীয়তপুর, ময়মনসিংহ, কিশোরগঞ্জ, ব্রাক্ষণবাড়িয়া, রাজশাহী, নওগাঁ, চাপাঁইনবাবগঞ্জ, দিনাজপুর, রংপুর, নীলফামারী, কুড়িগ্রাম, বগুড়া, সিরাজগঞ্জ, খুলনা, সাতক্ষীরা, যশোর, ঝিনাইদহ, মাগুড়া, কুষ্টিয়া, মেহেরপুর, বরিশাল, ঝালকাঠি, বরগুনা, সিলেট, হবিগঞ্জ, মৌলভীবাজার, সুনামগঞ্জ জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।

অঃ পৃঃ দ্রঃ

৬। বিজ্ঞপ্তি প্রকাশের পর হতে নিয়োগের পূর্ব মূহুর্ত পর্যন্ত কোন পদে নিয়োগ/বদলী/পদোন্নতির মাধ্যমে কোন জেলা কোটা পূরণ হলে প্রার্থীদের আবেদন বিবেচনা করা হবে না।

৭। উক্ত পদের জন্য মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/সন্ততিদের সরকারী নীতিমালা অনুযায়ী কোটা সংরক্ষণ করা হবে। তা মুক্তিযোদ্ধার সন্তান সন্তানাদি তার পিতা/মাতার মুক্তিযোদ্ধা সনদের ফটোকপি প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা (নাম সম্বলিত সীল কর্তৃক সত্যায়িত করে প্রার্থীর সহিত মুক্তিযোদ্ধার সম্পর্ক উল্লেখপূর্বক গেজেটেড অফিসার অথবা ইউনিয়ন পরিষদের/পৌরসভার মেয়র পত্রের মূল কপি আবেদনের সহিত সংযুক্ত করতে হবে।

৮। অসম্পূর্ণ/বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। চাকুরীরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হ (লিখিত/মৌখিক/ড্রাইভিং এর ব্যবহারিক পরীক্ষা) পরীক্ষায় অংশগ্রহণ ও সাক্ষাৎকারের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে পরীক্ষার সময় প্রার্থীদের অবশ্যই শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য সনদপত্রের মূল কপি দাখিল করতে হবে।

৯। ইতিপূর্বে কোন পল্লী বিদ্যুৎ সমিতির চাকুরী হতে অপসারিত/বরখাস্ত/স্বেচ্ছায় পদত্যাগকারী কোন প্রার্থীর আবেদন করার প্রয়োজন নেই।

১০। কোনরূপ তথ্য গোপন করে নিয়োগ লাভ করলে তাৎক্ষনিকভাবে চাকুরীচ্যুতিসহ আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

১১। অত্র নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কারণে নিয়োগ প্রদানে কর্তৃপক্ষ বাধ্য নয়। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে পবিস কর্তৃপক্ষের সি বলে গণ্য হবে।

(শাহ্ জুলফিকার হায়দারী
জেনারেল ম্যানে

অনুলিপিঃ- (সদয় অবগতি ও বহুল প্রচারের জন্য বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে টানানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পূর্বাঞ্চল)/পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, আইসিটি এর দপ্তর, বাপবিবো, ঢাকা। (ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)
০৩। জেলা প্রশাসক/পুলিশ সুপার, চট্টগ্রাম।
০৪। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার, ........................................ পবিস-১/২/৩/৪।
০৫। উপজেলা নির্বাহী কর্মকর্তা, মীরসরাই/সীতাকুন্ড/হাটহাজারী, চট্টগ্রাম।
০৬। ডিজিএম, সদর/মীরসরাই/হাটহাজারী জোনাল অফিস।
০৭। এজিএম(অর্থ/এমএস)/এজিএম(ওএন্ডএম), বারৈয়ারহাট সাব-জোনাল অফিস।
০৮। জুনিয়র ইঞ্জিনিয়ার/সহকারী জুনিয়র ইঞ্জিনিয়ার (আইটি)। (পবিস/বাপবিবো ওয়েবসাইট, পবিস ফেসবুক এ প্রকাশের ব্যবস্থা নিবেন)
০৯। নোটিশ বোর্ড, চট্টগ্রাম পবিস-৩।
১০। অফিস নথি।

(শাহ্ জুলফিকার হায়দার
জেনারেল ম্যানে

পমাসপ ১১০-০০২
ভার্সন-০১
অনুমোদিতঃ ২৭/০৪/২০১৪ খ্রিঃ

ফরম নং ঃ পমাসপ ১১০-০০২, ভার্সন-০১, তারিখ ........

চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-৩, ড্রাইভার পদে প্যানেলভুক্তি / নিয়োগ লাভের জন্য আবেদন ফরম
(সংশ্লিষ্ট স্থান প্রার্থীকে স্বহস্তে পূরণ করতে হবে )

পাসপোর্ট সাইজের এক কপি ছবি এ ঘরে আইকা / আঠা দিয়ে লাগিয়ে ছবির উপর ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত করতে হবে

সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার
চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-৩ ।

১. নিয়োগ বিজ্ঞপ্তি নং -০১/২০১৬-২০১৭ ................................ ৩. পদের ধরণ ঃ স্থায়ী

২. আবেদনকৃত পদের নাম
( বিজ্ঞপ্তিতে যেভাবে উল্লেখ আছে )

অন-লাইন মাধ্যম
৪. বিজ্ঞাপনের সূত্র/পত্রিকার নাম

০৯ জুলাই, ২০১৭ইং
৫. প্রকাশনার তারিখ

............................................ ................................ ............................................
৬. আবেদনকারীর পূর্ণ নাম (বাংলায়) ( বড় হাতের অক্ষরে ইংরেজীতে) ৭. জন্ম তারিখ (এসএসসি পরীক্ষার সনদ/নিবন্ধন অনুযায়ী)

.................................................. ......../........../.......( দিন/ মাস/ বছর)
৮. মাতার নাম ৯. বয়স (২৫/০৭/২০১৭ খ্রিঃ তারিখে)

.................................................. ............................................
১০. পিতার নাম ১১. ধর্ম

.................................................. ............................................
১২. জাতীয়তা ১৩. নিজ জেলা

..................................................
১৪. টেলিফোন/ মুঠো ফোন নম্বর

১৫. বৈবাহিক অবস্থা (টিক (√) দিন) [ ] বিবাহিত [ ] অবিবাহিত

১৬. কোন কোটায় সুবিধা পাপ্য (বক্সের ভিতর খালি অংশে টিক(√) দিন) ঃ

[ ] মহিলা [ ] মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা [ ] মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা [ ] এতিম ও শারীরিক প্রতিবন্ধি

[ ] উপজাতি [ ] আনসার ও গ্রাম প্রতিরক্ষা [ ] অন্যান্য

১৭. স্থায়ী ঠিকানা ঃ

..................... ..................... ..................... .....................
ক. গ্রাম/সড়ক/বাড়ী খ. ডাকঘর গ. উপজেলা/ থানা ঘ. জেলা

১৮. যে ঠিকানায় প্রার্থী প্রবেশ পত্র / নিয়োগপত্র (নিয়োগ পাওয়ার ক্ষেত্রে প্রযোজ্য) পেতে ইচ্ছুকঃ

..................... ..................... ..................... .....................
ক. গ্রাম/সড়ক/বাড়ী খ. ডাকঘর গ. উপজেলা/ থানা ঘ. জেলা

............................................ ............................................ .....................
১৯. পোষ্টাল অর্ডার/ ব্যাংক ড্রাফ্‌ট/পে-অর্ডার নম্বর ২০. পোষ্টাল অর্ডার/ ব্যাংক ড্রাফ্‌ট/পে- অর্ডার এর মূল্য ২১. ইস্যুর তারিখ

২২. প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার বিবরণ ( বিজ্ঞাপনের শর্তানুযায়ী পূরণ করতে হবে ) ঃ

| উত্তীর্ণ পরীক্ষার নাম | শিক্ষা প্রতিষ্ঠানের নাম | সিজিপিএ/ বিভাগ/শ্রেণী | | সার্টিফিকেট / ডিগ্রী অর্জনের বছর |
|---|---|---|---|---|
| | | সিজিপিএ স্কেল | প্রাপ্ত বিভাগ/ শ্রেণী /গ্রেড | |
| ............ শ্রেণী | | | | |
| এসএসসি/সমমান | | | | |
| এইচএসসি/সমমান | | | | |
| স্নাতক | | | | |

২৩. অভিজ্ঞতার বিবরণ (সনদ দ্বারা সমর্থিত হতে হবে ) ঃ

২৪. প্রাক্তন ও বর্তমান চাকুরীর কালানুক্রমিক বিবরণ ( শুধুমাত্র প্রযোজ্য ক্ষেত্রে ) ঃ

| নিয়োগকারী কর্তৃপক্ষের নাম ও ঠিকানা | চাকুরীর/ পদের নাম ও বেতনক্রম | যোগদানের তারিখ | চাকুরী পদত্যাগের তারিখ |
|---|---|---|---|
| | | | |
| | | | |

২৫. প্রার্থী সম্পর্কে জ্ঞাত দু'জন দায়িত্বশীল ব্যক্তির পরিচয় ( আত্মীয় ব্যতীত) ঃ

| নাম, পদবী/ পেশা, ঠিকানা, টেলিফোন/ মুঠো ফোন নম্বর এবং ই-মেইল ঠিকানা (যদি থাকে) |
|---|
| ১। |
| ২। |

২৬. পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত বিভাগীয় প্রার্থীদের জন্য (পবিস নির্দেশিকা ৩০০-১৪ অনুযায়ী নিম্নের তথ্য পদেয় হবে) ঃ

| কর্মরত পবিস এর নাম | পদের নাম | বর্তমান পদে মোট চাকুরীকাল | প্রযোজ্য আবশ্যিক সকল প্রশিক্ষণে উত্তীর্ণ কি না (হ্যাঁ/না) জবাব হ্যাঁ হলে সনদ সংযুক্ত করতে হবে | পবিস কর্মচারী চাকুরী বিধি অনুযায়ী কোন দন্ড প্রদত্ত হলে দন্ডের তারিখ ও দন্ডের বিবরণ ( গুরুদন্ড/ লঘুদন্ড) |
|---|---|---|---|---|
| | | | | |

আমি অঙ্গীকার করছি যে, একজন প্রার্থী হিসেবে উপরে বর্ণিত সকল তথ্যাদি স্বহস্তে লিপিবদ্ধ করেছি তা আমার জ্ঞাতসারে সঠিক। যদি আবেদনপত্রে কোন তথ্য গোপন বা ভুল কিংবা অসত্য তথ্য প্রদান করে থাকি অথবা নিয়োগ বিজ্ঞপ্তির সকল শর্তপূরণ করা হয়নি বলে পরবর্তীতে প্রমাণিত হয়, তাহলে বাপবিবোর্ড/ পবিস কর্তৃপক্ষের নিকট আবেদনকৃত পদে নিয়োগের ক্ষেত্রে অযোগ্য বলে বিবেচিত হবো এবং আমার বিরুদ্ধে বাপবিবোর্ড কর্তৃপক্ষ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করলে আমি তা মানতে বাধ্য থাকবো। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হয়ে যদি আমি মৌখিক পরীক্ষার জন্য বিবেচিত হই, সেক্ষেত্রে মৌখিক পরীক্ষায় স্বাক্ষাৎকার প্রদানের সময় কর্তৃপক্ষের নিকট আমার সকল শিক্ষাগত যোগ্যতা, জাতীয়তা সনদ এবং অভিজ্ঞতার সনদ এর ২ (দুই) সেট অবিকল প্রতিলিপি ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত পূর্বক সরবরাহ করতে এবং মূল সনদসমূহ প্রদর্শণ করতে বাধ্য থাকবো।

......................................  ......................................................

তারিখ  আবেদনকারীর স্বাক্ষর

বিঃদ্রঃ - সরকারী/ আধা-সরকারী/ স্বায়ত্তশাসিত সংস্থায় বা পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-৩
শিবপুর, সীতাকুন্ড, চট্টগ্রাম

এখানে পাসপোর্ট সাইজের এক কপি ছবি ১ম শ্রেণীর কর্মকর্তা দ্বারা সত্যায়িত করে স্ট্যাপলার পিন দিয়ে আটকিয়ে দিতে হবে।

## লিখিত (এমসিকিউ)/ লিখিত (রচনামূলক)/ মৌখিক সাক্ষাৎকার পরীক্ষার

# প্রবেশ পত্র

( অফিস কর্তৃক পূরণীয় )

প্রার্থীর রোল নম্বর ঃ ..............................................

পরীক্ষার তারিখ ঃ ..............................................

পরীক্ষার সময় ঃ ..............................................

পরীক্ষা কেন্দ্রের নাম ঃ ..............................................

পরীক্ষা কেন্দ্রের ঠিকানা ঃ ..............................................

নিয়োগকারী কর্তৃপক্ষ বা তার মনোনীত প্রতিনিধির স্বাক্ষর ঃ ....................................

( প্রার্থী/ আবেদনকারী কর্তৃক পূরণীয় )

**পদের নাম ঃ ..................................................................**

প্রার্থীর নাম ..................................................................................

প্রার্থী যে ঠিকানায় প্রবেশপত্র পেতে ইচ্ছুক ..................................................

..................................................................................................

..................................................................................................

..................................................................................................

D:\FORM- NIG.doc

# প্রার্থী/ আবেদনকারীর প্রতি সাধারণ নির্দেশাবলী

১। পরীক্ষার দিন অবশ্যই এ প্রবেশপত্রটি সাথে আনতে হবে। প্রবেশপত্র ছাড়া পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না।

২। নির্ধারিত সময়ের অন্ততঃ ১৫ (পনের) মিনিট পূর্বে প্রার্থীকে আসন গ্রহণ করতে হবে। প্রশ্নপত্র দেয়ার ৩০.০০ মিনিট পর কোন পরীক্ষার্থীকে পরীক্ষা কক্ষে /কেন্দ্রে প্রবেশ করতে দেয়া হবে না। পরীক্ষা শেষ হওয়ার পূর্বে পরীক্ষা কক্ষ ত্যাগ করা যাবে না। কোন কারণে পরিদর্শকের অনুমতি নিয়ে একবার পরীক্ষা কক্ষ ত্যাগ করলে পুনরায় পরীক্ষা কক্ষে প্রবেশ করতে দেয়া হবে না।

৩। উত্তরপত্র পূরণের জন্য বলপেন ব্যবহার করতে হবে। পেন্সিল ব্যবহার করা যাবে না।

৪। পরীক্ষা কক্ষে কোন ব্যাগ, বইপত্র, লেখাযুক্ত বা সাদা কাগজ এবং মুঠোফোন ও ক্যামেরা আনা সম্পূর্ণ নিষিদ্ধ। তবে পরীক্ষার হলে সাধারণ ক্যালকুলেটর ব্যবহার করা যাবে, সাইন্টিফিক ক্যালকুলেটর ব্যবহার করা যাবে না।

৫। চাকুরীর আবেদনপত্রের সঙ্গে মিল রেখে হাজিরা তালিকা, উত্তরপত্র এবং অন্যান্য কাগজপত্রে পরীক্ষার্থীর স্বাক্ষর এক ও অভিন্ন হতে হবে।

৬। পরীক্ষা শেষে পরীক্ষার্থীকে নিজ আসনে অবস্থান করে অবশ্যই প্রশ্নপত্রসহ উত্তরপত্রটি পরিদর্শকের নিকট জমা দিতে হবে।

৭। উল্লিখিত নিয়মাবলী ভংগ করলে অথবা পরীক্ষা কক্ষে কোনরুপ অশোভন আচরণ করলে কর্তব্যরত পরিদর্শক উক্ত পরীক্ষার্থীকে পরীক্ষা কেন্দ্র থেকে বহিস্কার করতে পারবেন। ক্ষেত্রবিশেষে পরিদর্শক গোপনীয়ভাবে উক্ত পরীক্ষার্থীর রোল নম্বর বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড কর্তৃপক্ষের নিকট জমা দেবেন এবং কর্তৃপক্ষ কর্তৃক প্রয়োজনবোধে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

............................